# ALL INDIA RADIO

## আকাশবাণী শিলচর

### REGIONAL NEWS UNIT – SILCHAR

### EVENING NEWS BULLETIN

**BENGALI**

**10 May 2026** **7:45 PM IST**

==================================================================

(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে- আসাম, পশ্চিমবঙ্গ এবং পুডুচেরিতে বিজেপির বিজয় তাঁর সরকারের গ্রহণ করা জাতীয় নীতির প্রতি থাকা জনসাধারণের সমর্থনকে প্রতীয়মান করে/

(২) ডঃ হিমন্তবিশ্ব শর্মাকে বিজেপি তথা এন ডি এ'র বিধান পরিষদীয় দলের নেতা হিসেবে ঘোষণা/ আগামী মঙ্গলবার নতুন মন্ত্রীসভার শপথ গ্রহণ/

(৩) রাজ্যে অপরাধী কার্যকলাপ ২৮ শতাংশ হ্রাস পেয়েছে বলে জাতীয় অপরাধ নথিকরণ সংস্থার তথ্যে প্রকাশ/

(৪) পরিবার এবং সমাজের কল্যাণ কামনা করা মায়েদের অবদানকে সম্মান জানানোর উদ্দেশ্যে আজ বিশ্বজুড়ে মা দিবস উদযাপন/ আসামেও বিভিন্ন অনুষ্ঠান/

(৫) পাঁচগ্রামের সিদ্ধেশ্বর শিব মন্দিরের কাছে আজ বিকেলে এক সড়ক দুর্ঘটনায় ন'জন আহত/ সোনাইর গাছতলা এবং লায়লাপুর থেকে কাছাড় পুলিশের প্রায় দুই কোটি ৮২ লক্ষ টাকা মূল্যের হেরোইন উদ্ধার/

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে- আসাম, পশ্চিমবঙ্গ এবং পুডুচেরীতে বিজেপির বিজয় তাঁর সরকারের গ্রহণ করা জাতীয় নীতির প্রতি জনসাধারণের সমর্থন থাকার বিষয়য়টিকেই প্রতীয়মান করেছে । তিনি বলেছেন যে- জাতীয় কার্যসূচি এবং কেন্দ্রীয় সরকারের নীতির প্রতি সমর্থনের বার্তা বহন করা  দেশবাসীর মতামত সাম্প্রতিক নির্বাচনের ফলাফলে প্রতিফলিত হয়েছে । বেঙ্গালুরুতে আজ বিজেপির কর্মীদের উদ্দেশ্যে দেওয়া ভাষণে প্রধানমন্ত্রী সরকারের সুদৃঢ় সুশাসনের ব্যবস্থার পাশাপাশি সমস্যাবলীর সমাধান করা এবং দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার উপর গুরুত্ব আরোপ করেছেন ।

---

প্রবীন বিজেপি নেতা ড: হিমন্ত বিশ্ব শর্মাকে বিজেপি তথা এন ডি এর বিধায়িনী দলের নেতা হিসেবে ঘোষনা করা হয়েছে । গৌহাটীর বৈশিষ্ঠর চারিয়ালিতে থাকা রাজ্য বিজেপির মুখ্য কার্যালয় বাজপেয়ী ভবনে আজ বিজেপি ও এন ডি এর বিধায়িনী দলের পৃথক পৃথক বৈঠক অনুষ্ঠিত হয় । বিজেপির বিধায়িনী দলের বৈঠকে ৮২ জন বিধায়ক অংশ গ্রহণ করেন । এরপর এন ডি এর বিধায়িনী দলের বৈঠক অনুষ্ঠিত হয় । এই বৈঠকে কেন্দ্রীয় পর্যবেক্ষক তথা কেন্দ্রীয় মন্ত্রী জে পি নাড্ডা ড: হিমন্ত বিশ্ব শর্মাকে বিধায়িনী দলের নেতা হিসেবে ঘোষনা করেন । বৈঠকে সহকারী পর্যবেক্ষক হিসেবে বিজেপির প্রবীন নেতা নায়াব সিং সাইনী উপস্থিত ছিলেন ।বৈঠকে বিজেপির পক্ষ থেকে রঞ্জিত কুমার দাস , বিশ্বজিৎ দৈমারী , অজন্তা নেওগ , রাজদীপ রায় , অশোক সিংহল , পীযুষ হাজারিকা , চক্রধর গগৈ ও বিশ্বজিৎ দৈমারী বিধায়িনী দলের নেতা হিসেবে ড: হিমন্ত বিশ্ব শর্মার নাম প্রস্তাব করেন । সংগে সংগে দুজন করে বিধায়ক এই প্রস্তাবে

সমর্থন জানান । এরপর অসম গণ পরিষদের ১০ জন বিধায়ক ও বিপিএফের বিধায়কদের উপস্থিতিতে অগপর নেতা অতুল বরা ও বিপিএফের নেতা রিহন দৈমারী এন ডি এর নেতা হিসেবে ড: শর্মার নাম প্রস্তাব করেন ।

বিজেপি তথা এন ডি এর বিধায়িনী দলের নেতা হিসেবে নির্বাচিত হোয়ার পর ড: হিমন্ত বিশ্ব শর্মা দলের কেন্দ্রীয় ও রাজ্য নেতৃবর্গ সহ সহযোগী দল অসম গণ পরিষদ ও বি পি এফকে কৃতজ্ঞতা জানান ।ড: শর্মা বলেন

-------- বাইট

ড: হিমন্ত বিশ্ব শর্মা এরপর রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্যের কাছে সরকার গঠনের দাবী জানান ।ড: শর্মা লোকভবনে রাজ্যপালের সংগে সাক্ষাৎ করে নবনির্বাচিত ১০২ জন বিধায়কের সাক্ষর সম্বলিত প্রস্তাব দাখিল করেন ।ড: শর্মার সংগে কেন্দ্রীয় পর্যবেক্ষক জে পি নাড্ডা ও নায়াব সিং সাইনী উপস্থিত ছিলেন । শ্রী নাড্ডা সাংবাদিকদের বলেন যে আসামের জনসাধারণের কল্যাণের জন্য সরকার কাজ করে যাবে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে দেশের রাজনীতিতে নতুন সংস্কার সাধন হয়েছে বলে উল্লেখ করে কেন্দ্রীয় পর্যবেক্ষক বর্তমান সরকার রাজ্যের উন্নয়নে সক্রিয় ও দায়বদ্ধ থাকবে বলে জানান । তিনি ড: হিমন্ত বিশ্ব শর্মাকে আগামী কার্যকালের জন্য শুভেচ্ছা জানান ।

শ্রী নাড্ডা বলেন --------- বাইট

রাজ্যে নতুন সরকার আগামী মংগলবার শপথগ্রহণ করবে । এরজন্য খানাপারার পশু চিকিৎসা মহাবিদ্যালয় খেলারমাঠে প্রস্তুতি

অব্যাহত রয়েছে ।শপথগ্রহণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন । এছাড়া কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ , বিজেপির জাতীয় সভাপতি নীতিন নবীন সহ বেশ কয়েকজন কেন্দ্রীয় মন্ত্রী তথা এন ডি এ শাসিত রাজ্যের মুখ্যমন্ত্রী , উপমুখ্যমন্ত্রীগণ সহ বিজেপির বেশ কয়েকজন প্রবীন নেতা
উপস্থিত থাকবেন বলে রাজ্য বিজেপি সূত্রে জানানো হয়েছে ।

---

আসামে অপরাধী কার্যকলাপ ২৮ শতাংশ হ্রাস পেয়েছে বলে জাতীয় অপরাধ নথিকরণ সংস্থা অর্থাৎ এন সি আর বির তথ্যে প্রকাশ করা হয়েছে । সেই অনুযায়ী জাতীয় পর্যায়ে প্রতি এক লক্ষ জনসংখ্যার মধ্যে ৪১৮ জন লোক অপরাধমূলক ঘটনা সংঘটিত করে , যদি ও আসামে এই পরিসংখ্যা ১৩৭ বলে তথ্যে প্রকাশ করা হয়েছে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে একথা প্রকাশ করে বলেন যে গত চার পাঁচ বছরে রাজ্যের সামাজিক পরিবেশ অনুকূল হয়ে ওঠার ফলে এই পরিসংখ্যা পরিলক্ষিত হচ্ছে । এন সি আর বির তথ্য অনুযায়ী ২০২২ সালে রাজ্যে অপরাধমূলক মামলার সংখ্যা ছিল ৬৮ হাজার ৯৩৭ । ২০২৩ সালে এই সংখ্যা ৬৪ হাজার ৯৫৯ এ হ্রাস পায় । একইভাবে ২০২৪ সালে দায়ের হোয়া মামলার সংখ্যা ৪৯ হাজার ৫৫২ তে হ্রাস পেয়েছে বলে তথ্যে প্রকাশ করা হয়েছে ।

---

আজ সমগ্র বিশ্বে মা দিবস উদযাপন করা হচ্ছে । পরিবার এবং সমাজের কল্যাণের জন্য মায়েদের অনবদ্য অবদানকে সম্মান জানিয়ে প্রতি বছর মে

মাসের দ্বিতীয় রবিবার দিনটিকে মা দিবস হিসেবে উদযাপন করা হয় । এই বছরের মা দিবসের বিষয় হচ্ছে- ‘বোঝা লাঘব করা’ । এই দিবসের মাধ্যমে পরিবারের প্রতি ভালোবাসা, যত্ন এবং ত্যাগের জন্যে মায়েদের সম্মান জানানোর পাশাপাশি তাদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয়ে থাকে । উল্লেখ্য- আমেরিকা যুক্তরাষ্ট্র বিংশ শতকে প্রথমবারের মতো মা দিবস উদযাপন আরম্ভ হয়েছিল ।
আসামেও আজ এই দিবস উপলক্ষে মায়েদের সম্মান জানিয়ে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা মা দিবস উপলক্ষে দেওয়া এক বার্তায় প্রত্যেক মায়ের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেছেন । একজন মা কেবল মমতাময়ী নন, তিনি করুণাময়ী এবং শক্তির উৎস বলেও মুখ্যমন্ত্রী মত প্রকাশ করেছেন । কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল মা দিবসের আন্তরিক শুভেচ্ছা জানিয়ে দেওয়া এক বার্তায় মায়েদেরকে জনজীবনের মূল চালিকাশক্তি বলে অভিহিত করেছেন । নিঃস্বার্থ প্রেম, করুণা এবং শক্তি তথা সাহসের সম্মিলিত প্রকাশ-ই হচ্ছে মা বলে তিনি মন্তব্য করেছেন ।

---

শিক্ষা মন্ত্রণালয় থেকে প্রকাশ করা পি জি আই- টু পয়েন্ট জিরো, ২০২৪-২৫ এর তথ্য অনুসারে বিদ্যালয় শিক্ষার ক্ষেত্রে আসাম দ্রুত উন্নতি করা রাজ্যগুলির মধ্যে অন্যতম হিসেবে পরিগণিত হয়েছে । রাজ্য পর্যায়ে আসাম আকাঙ্খী- দুই থেকে প্রচেষ্টা-তিন গ্রেডে উন্নীত হওয়ার পাশাপাশি রাজ্যটির সামগ্রিক স্কোর বৃদ্ধি পেয়েছে । ২০২৩-২৪ বর্ষের ৫১১ দশমিক ৫ থেকে বেড়ে ২০২৪-২৫ বর্ষে ৫৯৩ দশমিক ৬ হয়েছে । অর্থাৎ ৮২ দশমিক ১ নম্বরের উন্নতি হওয়ায় আসাম জাতীয় স্তরে ২৭ তম স্থান থেকে দ্বাদশ স্থানে উন্নীত হয়েছে । এছাড়া আসাম শাসন প্রক্রিয়ায় উন্নত- তিন এবং সমতার ক্ষেত্রে উত্তম- এক গ্রেড অর্জন করতে সমর্থ হয়েছে ।

শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে প্রকাশ করা জেলা পর্যায়ের গ্রেডিং ইনডেক্স ২০২৪-২৫ বর্ষে শিবসাগর জেলা আসামের প্রদর্শনকারী জেলাসমূহের মধ্যে শীর্ষ স্থান লাভ করেছে । আসাম তথা শিবসাগর জেলার এই সাফল্য শিক্ষা বিভাগের সামগ্রিক প্রচেষ্টার ফল বলে উল্লেখ করে সব শিক্ষক-শিক্ষিকা, সি আর সি সি, ছাত্রছাত্রী এবং ক্ষেত্র ও জেলা পর্যায়ের আধিকারিকদের প্রতি শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে কৃতজ্ঞতা জানানো হয়েছে ।

---

মিজোরামের উত্তর কারয়থা নামের গ্রাম জাতীয় স্তরে দীনদয়াল উপাধ্যায় পঞ্চায়েত বহনক্ষম বিকাশ পুরষ্কার-২০২৫ এর অধীনে স্বচ্ছ এবং সবুজ পঞ্চায়েত শাখায় পুরস্কৃত হয়েছে । বহনক্ষম গ্রাম উন্নয়ন এবং পরিবেশ সংরক্ষণের ক্ষেত্রে গ্রহণ করা উন্নয়নমূলক পদক্ষেপের জন্য এই গ্রামকে পুরস্কৃত করা হয়েছে । সূত্রে জানানো হয়েছে যে গ্রামীণ প্রশাসনের জৈব বৈচিত্র সংরক্ষণের প্রচেষ্টা এবং পরিবেশ অনুকূল অভ্যাস গঠনের জন্য গ্রামবাসীদের উৎসাহিত করার পরিপ্রেক্ষিতে এই পুরষ্কার প্রদান করা হয়েছে ।

উল্লেখ্য কেন্দ্রীয় সরকারের ঘোষণা করা ২০২৫ সালের জাতীয় পঞ্চায়েত পুরষ্কারের মধ্যে দেশের বিভিন্ন প্রান্তের ৪২টি পঞ্চায়েতকে এই সম্মানের জন্য বাছাই করা হয়েছে । আগামী তেসরা জুন নতুন দিল্লীতে আয়োজিত এক অনুষ্ঠানে এই পুরষ্কারগুলি প্রদান করা হবে ।

---

হাইলাকান্দি জেলার পাঁচগ্রাম সিদ্ধেশ্বর শিব মন্দিরের কাছে আজ বিকেলে সংগঠিত এক সড়ক দুর্ঘটনায় ন'জন আহত হয়েছেন । আমাদের

হাইলাকান্দি সংবাদদাতা জানিয়েছেন যে- মন্দিরের সামনে দাঁড়িয়ে থাকা একটি ইলেকট্রিক অটোকে সজোরে দ্রুতগতির একটি স্কোরপিও গাড়ি ধাক্কা মারে । এর ফলে অটোতে থাকা ন'জন যাত্রী গুরুতরভাবে আহত হয়েছেন । দুর্ঘটনার পর স্কোরপিও গাড়িটি ঘটনাস্থল থেকে পালিয়ে যেতে সক্ষম হয়েছে । স্থানীয় লোকেদের প্রচেষ্টায় আহতদের কালীনগর হাসপাতালে পাঠানো হয় । এরমধ্যে কয়েকজনের অবস্থা আশংকাজনক থাকায় উন্নত চিকিৎসার জন্য শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠানো হয়েছে ।

---

কাছাড় পুলিশ আজ দুটি পৃথক মাদক দ্রব্য বিরোধী অভিযানে বৃহৎ পরিমানের মাদক দ্রব্য জব্দ করে । জেলার সোনাইর গাছতলা ও লায়লাপুর এলাকায় অভিযান চালিয়ে প্রায় ৫৬৪ গ্রাম হেরোইন জব্দ করা সহ দুজন মাদক দ্রব্য সরবরাহকারীকে গ্রেপ্তার করা হয় । জব্দ করা মাদক দ্রব্যের বাজার মূল্য প্রায় ২ কোটি ৮২ লক্ষ টাকা বলে অনুমান করা হয়েছে ।

---